গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় ঃ জাতীয় শোক দিবস ২০১৯ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আবদুস সামাদ<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| তারিখ | ঃ | ০৭-০৭-২০১৯। |
| সময় | ঃ | সকাল ১০:০০ টা। |
| সভার স্থান | ঃ | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | ঃ | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং নৌ পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী সভায় উপস্থিত হয়ে সভার গুরুত্ব বৃদ্ধির জন্য তাকে ধন্যবাদ জানানো হয় এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভাকে জানান যে, আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪-তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে কর্মসূচি চূড়ান্ত করণের লক্ষ্যে এ সভা আহ্বান করা হয়েছে। তিনি মন্ত্রিপরিষদ বিভাগের ০২-০৭-২০১৯ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ মন্ত্রণালয় সম্পর্কিত কর্মসূচি সভাকে অবহিত করেন।

২। আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের উদ্দেশ্যে সভায় বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধিগণ তাঁদের আগ্রহ ব্যক্ত করে আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

৩। সিদ্ধান্ত ঃ

১) ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর/সংস্থা ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান ও ভবনসমূহে জাতীয় পতাকা বাংলাদেশ পতাকা বিধিমালা ১৯৭২, (সর্বশেষ সংশোধিত ২০১০) এর বিধি মোতাবেক অর্ধনমিত থাকবে; (বাস্তবায়নে ঃ সকল দপ্তর/সংস্থা)।

২) ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মন্ত্রণায়ের পক্ষে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ ১৫ আগস্ট বৃহস্পতিবার সকাল ০৭:০০ টার মধ্যে কলাবাগান মাঠের সামনের রাস্তায় সমবেত হবেন। মন্ত্রণালয়ের পক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য মন্ত্রণালয়ের প্রশাসন শাখা প্রয়োজনীয় ব্যবস্থা (ফুলের তোড়া এবং ব্যানারসহ এ সংক্রান্ত সার্বিক প্রস্তুতি) নিশ্চিত করবে। ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রধান ও প্রতিনিধিগণ নিজ নিজ দপ্তর/সংস্থার পক্ষ হতে ব্যানারসহ উপস্থিত হয়ে মন্ত্রণালয়ের সাথে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করবেন; (বাস্তবায়নে ঃ মন্ত্রণালয় ও ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা)।

৩) আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বেলা ১১.০০ টায় বিআইডব্লিউটিসিতে অনুষ্ঠিতব্য আলোচনা সভা ও দোয়া মাহফিলে মন্ত্রণালয় ও ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থার প্রধানসহ কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত থাকবেন; (বাস্তবায়নেঃ বিআইডব্লিউটিসি)।

৪) ১৫ আগস্টের পূর্বে/পরে সুবিধাজনক সময়ে এ মন্ত্রণালয়ের সকল অধীন দপ্তর/সংস্থাগুলো 'বঙ্গবন্ধু ও নদী' শিরোনামে আলোচনা সভার আয়োজন করবে; (বাস্তবায়নে ঃ (বাস্তবায়নে ঃ বিআইডব্লিউটিএ/নৌপরিবহন অধিদপ্তর)।

৫) ঢাকার বাইরে সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কার্যালয়ে আলোচনা অনুষ্ঠান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর ভিত্তি করে ডকুমেন্টারী প্রদর্শণ ও দোয়া মাহফিল/প্রার্থনার আয়োজন করবে; (বাস্তবায়নে ঃ ঢাকার বাহিরের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা)।

৬) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত দপ্তর/সংস্থার অফিস সমূহে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। প্রয়োজনে আলাদাভাবে আলোচনা ও দোয়ার কর্মসূচি নিবেন;

(অঃ পৃঃ দ্রঃ)

৭) যে সকল বিভাগ/জেলা/উপজেলায় দপ্তর/সংস্থার কোন কার্যালয় নেই, সেখানে জেলা নদী রক্ষা কমিটির পক্ষ হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্প অর্পন ও দোয়া মাহফিলের আয়োজন করছেন, যা বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্তৃপক্ষ/ নৌপরিবহন অধিদপ্তর সমন্বয়/ মনিটরিং করবেন। (বাস্তবায়নে ঃ বিআইডব্লিউটিএ/নৌপরিবনহ অধিদপ্তর)।

৮) টুঙ্গিপাড়ায় অনুষ্ঠেয় কর্মসূচিতে অংশগ্রহণে সহায়তার জন্য আমন্ত্রিত অতিথি, নেতৃবৃন্দ ও জনসাধারণের গোপালগঞ্জ জেলায় যাওয়ার সুবিধার্থে বিআইডব্লিউটিসির পক্ষ হতে ১৪, ১৫ ও ১৬ আগস্ট (মোট ০৩ দিন) শিমুলিয়া-কাঠালবাড়ি ও পাটুরিয়া দৌলতদিয়া ঘাটে ২টি ভিআইপি ফেরিসহ পর্যাপ্ত সংখ্যক ফেরী রাখতে হবে এবং ফেরি সেবা নিশ্চিত কল্পে একটি মনিটরিং টীম গঠন করবেন; (বাস্তবায়নে ঃ বিআইডব্লিউটিসি)।

৯) আগামী আগস্ট ২০১৯ মাসের প্রথম সপ্তাহে প্রস্তাবিত বিষয়ে একটি ফলোআপ সভার আয়োজন এবং কার্যপত্র প্রনয়ণ ও ত্বার প্রেরণ নিশ্চিত করতে হবে। (বাস্তবায়নে ঃ মন্ত্রণালয় ও এর অধীন সকল দপ্তর/সংস্থা)।

পরিশেষে সভাপতি জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় ও ভাব গাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহনের অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বা/-
তারিখঃ ১০-০৭-২০১৯
মোঃ আবদুস সামাদ
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০২.১৯-৯৯৯৯ তারিখঃ ১৪-০৭-২০১৯।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। চেয়ারম্যান জানরক/চবক/মোবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম।
৬। উপসচিব/উপপ্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
৯। সহকারী সচিব/সহকারী প্রধান, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।
১০। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
১২। ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব মহোদয়ের দপ্তর) নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সকল)।

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

১৪/০৭/১৯
নাহিদ-উল-মোস্তাক
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন ঃ ৯৫১৫৫৫১